

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫১

७. সদাচারণ ও न्যाय़निष्ठं সংশ्लिष्ठं किञाव (کِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ রক্ত সম্পর্ক ছিন্ন করা সত্তেও যে ব্যক্তি সম্পর্ক বজায় রাখে, মহান আল্লাহ তাকে সাহায্য করবেন

ذكْرُ مَعُونَةِ اللَّهِ جَلَّ وَعَلَا الْوَاصِلَ رَحِمَهُ إِذَا قطعته

## আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّتَنَا الْقَعْنَبِيُّ قال: حدثنا عبد العزيز بن محمد عن الْعَلَاءِ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَتَى رَجُلُ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي قَرَابَةً أَصِلُهُم وَيَعْطُعُونِي ويُسيئون إِلَيَّ وَأُحْسِنُ إِلَيْهِمْ وَيَجْهَلُونَ عَلَيَّ وَأَحْلُمُ عَنْهُمْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَئِنْ كَانَ كَمَا تَقُولُ فَكَأَنَّمَا تُسِفُّهُمُ المَلُّ وَلَا يَزَالُ مَعَكَ مِنَ اللَّهِ طُهُيْرٌ مَا دُمْتَ عَلَى ذلك.)

المل: رماد يكون فيه الشطبة.

الراوي: أَبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 451 | خلاصة حكم المحدث: صحيح ـ

## বাংলা

৪৫১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে আরয় করলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার কিছু নিকটাত্নীয় আছে, তাদের সাথে আমি সুসম্পর্ক বজায় রেখে চলি, কিন্তু তারা আমার সাথে সম্পর্ক ছিন্ন করে, তারা আমার সাথে মন্দ আচরণ করে, আমি তাদের সাথে ভালো আচরণ করি, তারা আমার সাথে অজ্ঞতাপূর্ণ আচরণ করে, এতে আমি ধৈর্যধারণ করি।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি যা বলছো, ব্যাপারটি যদি এমনই হয়, তবে তুমি যেন তাদেরকে উত্তপ্ত ছাঁই নিক্ষেপ করছো, আর তুমি যতক্ষন পর্যন্ত এই অবস্থায় থাকরে, ততক্ষন পর্যন্ত আল্লাহর পক্ষ থেকে তোমার জন্য একজন সাহায্যকারী থাকবে।"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "المَلُّ অর্থ হলো এমন ছাঁই যাতে অঙ্গারের টুকরা থাকে।"



## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৩৬; মুসনাদ আহমাদ: ২/৪১২; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৫৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন